



# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

## GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)

(A Company of Petrobangla)

সূত্র নং- ২৮.১৪.০০০০.১১৬.২৫.০৯.০২.০১

তারিখঃ ২১-০৯ ২০২২

### গণ বিজ্ঞপ্তি

বিশ্বের বিভিন্ন দেশে করোনা ভাইরাসের নতুন সংক্রমণ দেখা দিয়েছে, কোভিড-১৯-সংক্রান্ত জাতীয় কারিগরি পরামর্শক কমিটি দেশে করোনার প্রকোপ বাড়তে থাকায় পাঁচ দফা নির্দেশনা সুপারিশ করে। যার প্রেক্ষিতে, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড এর করোনা ভাইরাস এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে গঠিত “কুইক রেসপন্স টিম” সবাইকে নিম্নলিখিত নির্দেশনা সমূহ যথাযথভাবে মেনে চলার অনুরোধ করছে।

- ০১। সব ক্ষেত্রে শতভাগ সঠিকভাবে মাস্ক পরা ও হাত ধোয়া বা সেনিটাইজার ব্যবহার নিশ্চিত করা সহ স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সকলকে উৎসাহিত করা
- ০২। প্রথম, দ্বিতীয় এবং বুস্টার ডোজের করোনার টিকা যাঁরা গ্রহণ করেননি, তাঁদের টিকা গ্রহণে উদ্বুদ্ধ করা
- ০৩। বন্ধস্থানে সভা করা থেকে বিরত থাকা ও দাপ্তরিক সভাগুলো যথাসম্ভব ভার্চুয়ালি করা।
- ০৪। অপরিহার্য দাপ্তরিক অনুষ্ঠান বা সভাগুলোতে মাস্ক পরার সুপারিশও করা
- ০৫। অফিসের নামায়ের স্থানে স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করা।
- ০৬। লিফট এ প্রবেশের সময় সামাজিক দূরত্ব বজায় রাখবেন, যতদূর সম্ভব সিঁড়ি ব্যবহার করে উঠবেন এবং নামার সময়েও সিঁড়ি ব্যবহার করবেন।
- ০৭। কোভিড-১৯ এ আক্রান্ত হলে বা কোভিড ১৯ এর উপসর্গ প্রকাশ পেলে “কুইক রেসপন্স টিম” এর সদস্যগণদের সাথে অতিসত্বর যোগাযোগ করে স্বতঃস্ফূর্তভাবে আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর বিস্তারিত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ০৮। লিফটিং সার্ভিস এ কোম্পানির কর্মকর্তা/ কর্মচারীদের পরিবহণে ব্যবহৃত সকল গাড়ির চালক, চালকের সহকারী ও গাড়ি ব্যবহারকারী কর্মকর্তা ও কর্মচারীগণকে বাধ্যতামূলক ভাবে মাস্ক পরিধান করতে হবে।

- ❖ করোনা সতর্কতা মেনে চলুন, করোনা মুক্ত থাকুন।
- ❖ নিজে সুস্থ থাকুন, অন্যকে সুস্থ থাকতে সহায়তা করুন।

ডাঃ জাবিদ-উল কাদির জোয়ার্দার  
কুইক রেসপন্স টিম এর পক্ষে।